গাংনীতে বিএনপি প্রার্থী আমজাদ হোসেনের বিশাল মোটরসাইকেল শোভাযাত্রা

মেহেরপুর-২ (গাংনী) আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী, সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি আমজাদ হোসেনকে স্বাগত জানিয়ে গাংনীতে হাজারো মোটরসাইকেলের বিশাল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের বাওট এলাকা থেকে শোভাযাত্রাটি শুরু হয়ে গাড়াডোব ঘুরে গাংনী বাজারে দলীয় কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

বিএনপি নেতাকর্মীরা দাবি করেছেন, এর আগে গাংনী আসনে এত সংখ্যক মোটরসাইকেল নিয়ে কোনো প্রার্থী নির্বাচনী শোভাযাত্রা করেনি। তাদের মতে, এ শোভাযাত্রা মেহেরপুর-২ আসনে বিএনপির জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে থাকবে।

প্রায় ২০ কিলোমিটারজুড়ে হাজার হাজার মোটরসাইকেল শোভাযাত্রায় অংশ নেওয়ায় এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয় এবং বিএনপি নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ছড়িয়ে পড়ে। এতে নেতাকর্মীদের মনোবল আরও চাঙা হয়েছে বলে মন্তব্য করেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। তিনি বলেন, দলীয় দুঃসময়ে যিনি বিএনপিকে ধরে রেখেছেন, সেই প্রার্থী আমজাদ হোসেন মনোনয়ন পাওয়ার পর থেকে গণসংযোগ ও সভা-সমাবেশে মানুষের ঢল নামছে। ধানের শীষ প্রতীকে তিনি বিপুল ভোটে বিজয়ী হবেন বলে আমরা বিশ্বাস করি।

শোভাযাত্রা শেষে সংক্ষিপ্ত বক্তব্যে প্রার্থী আমজাদ হোসেন বলেন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নেতাকর্মীরা ঐক্যবদ্ধ। শহর থেকে গ্রাম সবখানে জনগণ ধানের শীষের পক্ষে স্বতঃস্ফূর্তভাবে প্রচারণা চালাচ্ছেন এবং ৩১ দফা কর্মসূচি ঘরে ঘরে পৌঁছে দিচ্ছেন।

তিনি আরও বলেন, বিএনপির একটাই বলয় বেগম খালেদা জিয়া ও তারেক রহমান। দলের সবাই আমার আপনজন, আমার দরজা সবার জন্য খোলা। যারা

এখনো দ্বিধায় আছেন, তাদেরও ধানের শীষের পক্ষে ফিরে আসার আহ্বান জানাচ্ছি। শোভাযাত্রায় উপস্থিত ছিলেন প্রার্থী আমজাদ হোসেন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, উপদেষ্টা নাসির উদ্দীন, গাংনী উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, জেলা কৃষক দলের সদস্য সচিব মিজানুর রহমানসহ বিপুল সংখ্যক নেতাকর্মী।

শোভাযাত্রাকে ঘিরে গাংনীজুড়ে দিনজুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ।

গাংনীতে মোটরসাইকেল-ট্রলি সংঘর্ষে তিন যুবক আহত

গাংনীর নওপাড়া বাজারে ট্রলির সঙ্গে দ্রুতগতির মোটরসাইকেলের ধাক্কায় তুহিন আলী, ইমন ও সাব্বির হোসেন নামের তিন যুবক আহত হয়েছেন। আহত তিনজনের বাড়ি একই গ্রামের নওপাড়া।

আজ বুধবার সন্ধ্যায় নওপাড়া বাজারে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা দ্রুত আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাদের অবস্থা গুরুতর হওয়ায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, তুহিন, ইমন ও সাব্বির একটি মোটরসাইকেলে করে দ্রুতগতিতে বাজার পার হচ্ছিলেন। এসময় সামনে থাকা একটি ট্রলির সঙ্গে জোরালো ধাক্কা লাগলে তিনজনই রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।

মহেশপুরে আলমসাধুর ধাক্কায় মোটরসাইকেল চালক কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের মহেশপুরে মোটরসাইকেল ও আলমসাদুর মুখোমুখি সংঘর্ষে সজীব হোসেন (১৭) নামে এক কলেজ ছাত্র নিহত হয়েছেন। মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে উপজেলার অনন্তপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সজীব হোসেন উপজেলার লড়াইঘাট মাঠপাড়া গ্রামের সানোয়ার খানের ছেলে। তিনি পদ্মপুকুর ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে সজীব মোটরসাইকেল নিয়ে বাড়ি থেকে কলেজে যাচ্ছিলেন। পথে অনন্তপুর এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি লাটা হাম্বা (আলমসাধুর) গাড়ির সঙ্গে তার মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে সজীব গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। দুর্ঘটনাকবলিত যানবাহনটি শনাক্তের চেষ্টা চলছে।

দর্শনার ঈশ্বরচন্দ্রপুরে বাড়ির বারান্দা থেকে মোটরসাইকেল চুরি

দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর বড় মসজিদপাড়া থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটেছে। জানা গেছে, শনিবার (১৮ অক্টোবর) ভোরে বাড়ির বারান্দার গেটের তালা ভেঙে এ চুরির ঘটনা ঘটে।

ঘটনার বিবরণে জানা গেছে, প্রতিদিনের মতো শুক্রবার রাত ৮টার দিকে ঈশ্বরচন্দ্রপুর গ্রামের নাসির উদ্দীনের ছেলে ইমরান জোয়াদ্দার তার ব্যবহৃত প্রায় ৪/৫ মাস আগে কেনা লাল-কালো রঙের এসপি হোন্ডা ১২৫ সিসি মোটরসাইকেলটি নিজ ঘরের বারান্দায় রাখেন।

রাত ২টার দিকেও তিনি মোটরসাইকেলটি বারান্দায় দেখতে পান। তবে ভোর ৫টার দিকে উঠে দেখেন, মোটরসাইকেলটি আর সেখানে নেই।

পরে অনেক খোঁজাখুঁজি করেও মোটরসাইকেলটির কোনো সন্ধান পাওয়া যায়নি। অবশেষে ইমরান জোয়াদ্দার দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

জীবননগরে হোন্ডা মোটরসাইকেল শোরুমের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার জীবননগরে হোন্ডা মোটরসাইকেল নতুন শোরুম ‘জাকির হোন্ডা’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

রবিবার (৫ অক্টোবর) দুপুরে জীবননগর কালিগঞ্জ রোড সংলগ্ন জীবননগর থানা মডেল পাইলট হাইস্কুলের সামনে বর্ণাঢ্য আয়োজনে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে জাকির হোন্ডার স্বত্বধিকারী জাকির হোসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেডের চিফ মার্কেটিং অফিসার (সিএমও) শাহ মোহাম্মদ আশিকুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম আর বাবু, চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্সের পরিচালক তাজুল ইসলাম, জীবননগর থানার সাব-ইন্সপেক্টর হাসান, সহ প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে শোরুমের স্বত্বাধিকারী জাকির হোসাইন অতিথিদের ধন্যবাদ জানিয়ে বলেন,স্থানীয় গ্রাহকদের উন্নত মানের মোটরসাইকেলের সেবা দিতে ‘জাকির হোন্ডা’ সর্বদা সচেষ্ট থাকবে।

এছাড়াও এই শোরুমে হোন্ডা মোটরসাইকেলের সকল প্রকার খুচরা যন্ত্রাংশ সুলভ মূল্যে বিক্রয় করা হবে। আমরা গুণগত মানে বিশ্বাসী। সুতরাং মোটরসাইকেল প্রেমীদের জন্য হোন্ডার সকল ধরনের সুযোগ-সুবিধা দিতে আমরা বদ্ধপরিকর।

আলোচনা শেষে উপস্থিত অতিথিবৃন্দ, ব্যবসায়ী, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সাংবাদিকবৃন্দের উপস্থিতিতে ফিতা ও কেক কেটে শোরুমের শুভ সূচনা করা হয়।

গাংনীর নওপাড়া থেকে আবারও মোটরসাইকেল চুরি

মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া- কুলবাড়িয়া রাস্তায় থেকে জামিরুল ইসলাম নামের এক ব্যাক্তির একটি ১২৫ সিসি মোটরসাইকেল যার রেজিস্ট্রেশন নাম্বার (মেহেরপুর-হ – ১২-৬৫৫৩) চুরি হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০ টার সময় মোটরসাইকেল চুরির ঘটনা ঘটে।

মোটরসাইকেল মালিক জামিরুল ইসলাম জানান, একটি লাল রংয়ের ১২৫ সিসি ডিসকভারি মোটরসাইকেল নওপাড়া-কুলবাড়িয়ার মধ্যবর্তী রাস্তার পাশে রেখে কৃষি জমিতে কাজ করছিলেন। কিছু সময় কাজ শেষে মোটরসাইকেল দেখতে এসে দেখেন সেখানে মোটরসাইকেল নেই। পরে রাস্তার সিসি টিভি ফুটেজে মোটরসাইকেল নিয়ে যাওয়ার ভিডিও পাওয়া যায়। মোটরসাইকেলটি হিজলবাড়িয়ার রাস্তায় নিয়ে যায় দুইজন ব্যাক্তি। চুরির সাথে সম্পৃক্ত দুজনকে সিসি টিভি ভিডিওতে স্পষ্টভাবে দেখা যাচ্ছে। তবে তাদের সনাক্তের চেষ্টা চলছে।

এবিষয়ে গাংনী থানায় একটি জিডি করা হয়েছে। গাংনী থানার ওসি বানী ইসরাইল বলেন, মোটরসাইকেল চুরির ঘটনায় জিডি করেছে। আমরা চোর সনাক্তের চেষ্টা করছি।

উল্লেখ্যঃ নওপাড়া গ্রামের জামিরুল ইসলামের একটি পালসার মোটরসাইকেল এর আগেও বাড়ি থেকে চুরি হয়ে যায়। একাধিকবার মোটরসাইকেল চুরি হওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন জামিরুল ইসলাম। তবে

চুরির সাথে জড়িতদের দ্রুত শনাক্ত করার দাবী জানান এলাকাবাসী।

মেহেরপুরে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত-১, আহত-২

মেহেরপুর সদর উপজেলার মদনা বাজারে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আকাশ নামের এক যুবক নিহত ও আরও দুইজন গুরুতর আহত হয়েছেন। গতকাল শনিবার সন্ধ্যা ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মেহেরপুরের কাঁঠালপোতা গ্রামের মোঃ আকাশ (২৬) ও মোঃ মোস্তাকিন (১৮) একটি মোটরসাইকেলে মদনা বাজার এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা গাড়াডোব কাচারী বাজারের মোঃ নাসির উদ্দিনের (৪০) চালানো মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে আকাশ ও মোস্তাকিন গুরুতর আহত হন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। শারীরিক অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান।

পরে আকাশকে রাজশাহী নেওয়ার পথে গাংনী এলাকায় মৃত্যুবরণ করেন। আহত অপরজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

কোটচাঁদপুর মোটরসাইকেল

দুর্ঘটনায় নির্মাণ শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার শিশারকুন্ডু গ্রামে নির্মাণ শ্রমিক রুহুল আমিন (২৫) মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছেন।

বুধবার সকাল সাড়ে ৯টার দিকে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের কাশিপুর নামক স্থানে ঘটনাটি ঘটে। তিনি শিশারকুন্ডু গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

জানা যায়, রুহুল আমিন পেশায় একজন নির্মাণ শ্রমিক। বুধবার সকালে মোটরসাইকেলযোগে কালীগঞ্জের কর্মস্থলে যাচ্ছিলেন। পথিমধ্যে কাশিপুর এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা আলমসাদুর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে রুহুল আমিন ঘটনাস্থলেই মারা যান।

খবর পেয়ে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে থানার পুলিশের কাছে হস্তান্তর করে।

এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) বলেন, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

গাংনীর তেরাইলে সড়ক দুর্ঘটনায় পথচারি নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে মোটরসাইকেলের ধাক্কায় সড়ক দুর্ঘটনায় মোহাম্মদ মন্টু নামের এক পথচারি নিহত হয়েছেন। আহত হয়েছেন মোটরসাইকেলের দুই আরোহী।

আজ শুক্রবার বিকাল ৩ টার দিকে তেরাইল ব্রিজ সংলগ্ন অলিনগর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত মোহাম্মদ মন্টু তেরাইল গ্রামের কাতল আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বামুন্দির দিক থেকে আসা একটি দ্রুতগতির মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে পথচারী মন্টুকে ধাক্কা দিলে তিনি গুরতর জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়েন এবং কিছুক্ষণ পরই তাঁর মৃত্যু হয়। মোটরসাইকেলের দুই আরোহীও আহত হন। তাদের উদ্ধার করে বামুন্দি বাজারের একটি বেসরকারি ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

খবর পেয়ে বামন্দি ফায়ার সার্ভিস ও গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করেছে।

মহেশপুর সীমান্তে বিদেশি পিস্তল, শর্টগান ও মোটরসাইকেল উদ্ধার

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে বিজিবি’র অভিযানে বিদেশী পিস্তল, দেশি ওয়ান শুটার গান, গুলি এবং মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার (১৭ জুলাই) বিজিবির অতিরিক্ত পরিচালক উপ অধিনায়ক আবু হানিফ মোঃ সিহানুক স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান বৃহস্পতিবার সাড়ে ১২টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ মাটিলা বিওপি’র জেসিও-৮৯০২ সুবেদার শরীফ মনিরুজ্জামান এর নেতৃত্বে দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৫১/৬-এস হতে আনুমানিক ৮০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে জুলুলী গ্রামের মোঃ রিপন বিশ্বাস (৩৫) এর ড্রাগন বাগানের দক্ষিণ পাশে পাঁকা রাস্তার উপর চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করার সময় একটি মোটরসাইকেলকে চ্যালেঞ্জ করলে চালক মোঃ লিটন মিয়া (পিচ্চি লিটন) (২১) পিতা- ওলিয়ার রহমান, গ্রাম-জীবননগর পাড়া, পোস্ট-সামান্তা, থানা- মহেশপুর, জেলা-ঝিনাইদহ) মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। উক্ত স্থান হতে বিজিবি টহল দল কর্তৃক ০১টি বিদেশী পিস্তল, ০১টি দেশী ওয়ান শুটারগান, ০৬ রাউন্ড গুলি এবং ০১টি মোটরসাকেল উদ্ধার করে। আটককৃত অস্ত্র, গুলি এবং মোটরসাইকেল মহেশপুর থানায় জমা করার কার্যক্রম প্রক্রয়াধীন রয়েছে।